"বিস্‌মিল্লাহির রাহমানির রাহিম"

-ঃ গঠনতন্ত্র ঃ-

ধারা ঃ- ১ প্রতিষ্ঠানের নাম ঃ
বাংলায় ঃ **আলী আজম স্কুল এন্ড কলেজ এলামনাই এসোসিয়েশন**
ইংরেজিতে ঃ **(Ali Azam School and College Alumni Association)**

ধারা ঃ- ২ **সংগঠনের ঠিকানাঃ-** ৭৮ নয়া পল্টন, সনজরী টাওয়ার (২য় তলা), নয়া পল্টন, ঢাকা-১০০০।

ধারা ঃ- ৩ **সংগঠনের কর্ম এলাকাঃ-** "ঢাকা জেলা" পরবর্তিতে নিবন্ধীকরন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সমগ্র বাংলাদেশে সম্প্রসারন করা যাবে।

ধারা ঃ- ৪ **সংগঠনের ধরণঃ-** ইহা একটি সম্পূর্ণ অরাজনৈতিক, অলাভজনক, বে-সরকারী, সেচ্ছাসেবী সমাজকল্যান মূলক সংগঠন। এক বা একাধিক বিষয়ে বা বিভিন্ন কার্যক্রমের সমন্বয়ে সমাজ কল্যান মূলক ও মানব হিতৈষী সংগঠন।

ধারা ঃ- ৫ **সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য ঃ** সংগঠনটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নোক্ত লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন করবে।

ধারা ঃ-৫-১ আলী আজম স্কুল এন্ড কলেজ-এর প্রাক্তন শিক্ষার্থীদের মধ্যে পারস্পরিক যোগাযোগ, সমন্বয় ও সৌহার্দ্য গড়ে তোলা এবং প্রয়োজনে পরস্পরের পাশে দাঁড়ানোর পদক্ষেপ গ্রহন করা।

ধারা ঃ-৫-২ এলামনাইদের জন্য সমাবেশ, পূনর্মিলনী, শতবর্ষ উদ্‌যাপন, সেমিনার, সিম্পোজিয়াম, কর্মশিবির, প্রদর্শনী, সাংস্কৃতিক অনুষ্ঠান, বনভোজন, ইফতার পার্টি, এই প্রতিষ্ঠানের বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবস, বিভিন্ন জাতীয় দিবস, আমোদ ভ্রমন ও শিক্ষা ভ্রমন ইত্যাদির আয়োজন করা।

ধারা ঃ-৫-৩ এলামনাইদের মানসিক এবং শারীরিক উৎকর্ষতা বৃদ্ধির লক্ষ্যে কনফারেন্স-সাংস্কৃতিক -ক্রীড়া-গবেষনা-আপ্যায়ন কেন্দ্র প্রতিষ্ঠা করা।

ধারা ঃ-৫-৪ আলী আজম স্কুল এন্ড কলেজ, এর শিক্ষার গুণগত মান বৃদ্ধির নিমিত্তে উক্ত প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা ও প্রতিষ্ঠানের উন্নয়নে কার্যকর ভুমিকা পালন করা।

ধারা ঃ-৫-৫ আলী আজম স্কুল এন্ড কলেজ সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানের গরিব ও মেধাবী শিক্ষার্থীদেরকে সহায়তা প্রদান করা এবং এই বিষয়ে পৃথক একটি কল্যান তহবিল গঠন করা। এছাড়াও এলাকার মেধাবী ছাত্র-ছাত্রীদের উচ্চশিক্ষা সহ ভবিষ্যতে প্রতিষ্ঠিত হওয়ার বিষয়ে সহায়তা প্রদান করা।

ধারা ঃ-৫-৬ সংগঠন-এর আওতায় একটি পৃথক উপ-বৃত্তি তহবিল গঠনের মাধ্যমে মেধাবী অথচ অপেক্ষাকৃত কম স্বচ্ছল শিক্ষার্থীদের প্রয়োজনীয় অর্থ সহায়তা প্রদান করা।

ধারা ঃ-৫-৭ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের আর্থ-সামাজিক উন্নয়নের নিমিত্তে বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা।

ধারা ঃ-৫-৮ সংগঠনের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান ও এলাকার প্রাক্তন ও বর্তমান কৃতি/সেরা শিক্ষকদেরকে এবং স্বীকৃত গুনীজনদেরকে সম্মাননা জ্ঞাপন করা।

ধারা ঃ-৫-৯ সংগঠনের পক্ষ থেকে সমাজ কল্যানমূলক নিয়মিত বুলেটিন, সাময়িকী, পুস্তক ইত্যাদি প্রকাশনার ব্যবস্থা করা।

ধারা ঃ-৫-১০ এই সংগঠনের মাধ্যমে সমগোত্রীয় সকল সংস্থা (সরকারি ও বেসরকারি) এবং বিদেশী সংস্থা বা স্থানীয় সংগঠন ও জনগনের সাথে সমন্বয় সাধন করবে এবং সমাজের সকল রকম সামাজিক ব্যাধি নিরসন ও সমাজ উন্নয়নে সম্মিলিত ভাবে কাজ করা।

অনুমোদিত
২৩/৭/২০
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

সাধারণ সম্পাদক
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

সভাপতি
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

ধারা ঃ-৫-১১ সেবা মূলক সহযোগিতা দানের জন্য এই সংগঠন দেশী-বিদেশী দাতা এবং দাতা সংস্থার নিকট থেকে দান, বিভিন্ন প্রকার সাহায্য ও সহযোগিতা অনুদান/গ্রহণ করা।

ধারা ঃ-৫-১২ সরকারি/বেসরকারি যে কোন ব্যাংক থেকে সংস্থা সেবামূলক কর্মসূচি বাস্ত বায়নের জন্য সংস্থা সাহায্য ও সহযোগিতা গ্রহণ করা।

ধারা ঃ-৫-১৩ এই সংগঠনের মাধ্যমে সরকারী বিভিন্ন জাতীয় দিবস উৎযাপন করা।

ধারা ঃ-৫-১৪ এই সংগঠনের মাধ্যমে গরীব দুঃখি রোগীদের বিনা মূল্যে সাস্থ্য সেবা মূলক কার্যক্রম পরিচালনা সহ হাসপাতাল নির্মান করা।

ধারা ঃ-৫-১৫ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনাদের সার্বিক মঙ্গল সাধনের জন্য কাজ করা এবং তাদের যথাযথ সম্মাননার ব্যাবস্থা করা।

ধারা ঃ-৫-১৬ বয়স্ক ও প্রতিবন্ধীদের বিভিন্ন প্রকার সাহায্য সহযোগিতা ও শীতার্ত মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা।

ধারা ঃ-৫-১৭ সমাজের অসমর্থ, অসহায় ব্যক্তিদের কল্যানের ব্যবস্থা কল্পে এবং সংস্থার অস্তিত্ব রক্ষার জন্য দাতা সংস্থার নিকট থেকে দান/অনুদান সংগ্রহের সাথে সাথে সংস্থার জন্য আয় বৃদ্ধিমূলক ক্ষুদ্র ব্যবসা জাতীয় প্রকল্প ব্যবস্থা করা।

ধারা ঃ-৫-১৮ নিরাপদ পানি সরবরাহ ও নিরাপদ স্যানিটেশন ও পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণে এবং আর্সেনিকমুক্ত পানি সহ অন্যান্য রোগ প্রতিরোধে বিভিন্ন প্রকল্প চালু করা।

ধারা ঃ-৫-১৯ সক্রিয়ভাবে জনগনকে সম্পৃক্ত করে বৃক্ষ রোপন অভিযান কর্মসূচি গ্রহন করা।

ধারা ঃ-৫-২০ স্বল্পমূল্যে এ্যাম্বুলেন্স সার্ভিস চালু করা এবং বেওয়ারিশ লাশ দাফন-কাফনের ব্যবস্থা করা।

ধারা ঃ-৫-২১ অসহায় প্রতিবন্ধীদের জন্য চিকিৎসা কেন্দ্র ও থেরাপি সেন্টার স্থাপন করা।

ধারা ঃ-৫-২২ শিশু অধিকার এবং শিশু সুরক্ষা নিশ্চিত করা।

ধারা ঃ-৫-২৩. প্রাকৃতিক দুর্যোগ কবলিত এলাকায় সেবা ও সাহার্য সহযোগিতা ও পূনবাসন ব্যবস্থা গ্রহন করা।

ধারা ঃ-৫-২৪ ছিন্নমূল, শিশু, মহিলা, বেঁদে, হিজড়াদের জন্য শিক্ষা, চিকিৎসা, দক্ষতা প্রশিক্ষন করে তাদের পূনবাসন করা।

ধারা ঃ- ৬ সদস্যপদঃ-

ধারা ঃ-৬-১ **সদস্য পদের যোগ্যতাঃ** আলী আজম স্কুল এন্ড কলেজ থেকে এস.এস.সি/এইচ.এস.সি/উভয় স্তরে উত্তীর্ণ ছাত্র-ছাত্রী যে কোন এলামনাই অত্র গঠনতন্ত্রের বিধি ও নিয়মাবলীর প্রতি পূর্ণ আস্থা জ্ঞাপন করে **আলী আজম স্কুল এন্ড কলেজ এলামনাই এসোসিয়েশন** এর নির্ধারিত ফরমে সভাপতি বরাবরে নির্ধারিত ১০০০/- (এক হাজার) টাকা ভর্তি ফি প্রদান স্বাপেক্ষে আবেদন করতে পারবেন এবং উক্ত আবেদন কার্যনির্বাহী পরিষদের সভায় অনুমোদন স্বাপেক্ষে আবেদনকারী এই এসোসিয়েশন-এর সদস্য হতে পারবেন।

ধারা ঃ-৬-২ যদি কোন প্রাক্তন ছাত্র-ছাত্রী **"আলী আজম স্কুল এন্ড কলেজ"** উক্ত প্রতিষ্ঠানে কমপক্ষে ০২ (দুই) বৎসর পড়াশোনা করে থাকেন এবং এই এসোসিয়েশনের সদস্য হতে উৎসাহী হন তবে তিনি সদস্য পদের জন্য আবেদন করতে পারবেন এবং কার্যনির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে সদস্য হতে পারবেন। তবে তাহারা সংগঠনের কার্যনির্বাহী পরিষদের নির্বাচনে অংশ গ্রহন করতে পারবেন এবং ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

ধারা ঃ-৬-৩ সদস্যদের মাসিক চাঁদা/ফি ৫০০/- (পাঁচ শত) টাকা হিসাবে পরিশোধ করতে হবে।

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

সাধারণ সম্পাদক
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

সভাপতি
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

ধারা ঃ-৬-৪ সাধারণ সম্পাদক জমাকৃত আবেদন পত্র অনুমোদনের জন্য কার্যনির্বাহী পরিষদের সভায় উপস্থাপন করবেন। এবং অনুমোদন সাপেক্ষে সদস্য খাতায় লিপিবদ্ধ করবেন। কার্যনির্বাহী পরিষদের সভায় সদস্যপদ এর জন্য আবেদনকারীর নামে সদস্য অনুমোদন হলে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট সদস্যকে বিষয়টি অবহিত করতে হবে।

ধারা ঃ- ৭ **সদস্যপদের ধরণঃ**

এই প্রতিষ্ঠানে নিম্নরুপ ০৪ (চার) ধরণের সদস্য থাকবেঃ

ধারা ঃ-৭-১ **প্রতিষ্ঠাতা সদস্য ঃ-**

যাঁরা এই সংগঠনের উদোক্তা এবং জন্মলগ্নে সুন্দর, সুষ্ঠু ও সাবলীল চিন্তাধারার মাধ্যমে সমাজ উন্নয়নমূলক কাজে নিজেদেরকে নিয়োজিত করতে কঠোর পরিশ্রম, নিরলস অধ্যবসায় এবং সংগঠনকে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের ন্যায় সংগত হাতিয়ার হিসেবে জনগণকে উন্নয়নমূলক কর্মকান্ডে উদ্বুদ্ধ ও সফলতা আনয়নে সবর্দা সচেষ্ট রয়েছেন তাঁরাই প্রতিষ্ঠাতা সদস্য। এক কথায় প্রাথমিক পর্যায়ে উদ্যোক্তাগণ প্রতিষ্ঠাতা সদস্য বলে গণ্য হবেন। প্রতিষ্ঠাতা সদস্যগণের ভোটাধিকার থাকবে। প্রতিষ্ঠাতা সদস্যগণ সাধারণ পরিষদের স্থায়ী সদস্য থাকবেন। এই প্রতিষ্ঠাতা সদস্যদের ভোটাধিকার এবং নির্বাচনে অংশ গ্রহনসহ প্রতিদ্বন্দিতা করার ক্ষমতা থাকবে।

ধারা ঃ-৭-২ **সাধারণ সদস্যঃ**

প্রতিষ্ঠানের সকল প্রতিষ্ঠাতা সদস্য, আজীবন সদস্য এবং ধারা ৬ এর সংশ্লিষ্ট সকল উপধারা মোতাবেক সকল সদস্য সাধারণ সদস্য হিসাবে গণ্য হবেন। সাধারণ সদস্যদের ভোটাধিকার এবং সংগঠনের যে কোন বিষয়ে জানার অধিকার থাকবে। সাধারণ সদস্যদের ভোটাধিকার এবং নির্বাচনে অংশ গ্রহনসহ প্রতিদ্বন্দিতা করার ক্ষমতা থাকবে।

ধারা ঃ-৭-৩ **আজীবন সদস্যঃ** বাংলাদেশে এবং বর্হিবিশ্বের যে কোন দেশে অবস্থানরত প্রাক্তন ছাত্র-ছাত্রীগন এককালীন ১০০০০/- (দশ হাজার) টাকা প্রদান করে আজীবন সদস্য হতে পারবেন। আজীবন সদস্যদের কোন বাৎসরিক চাঁদা/ফি থাকবে না। আজীবন সদস্যদের ভোটাধিকার এবং নির্বাচনে অংশ গ্রহন করার ক্ষমতা থাকবে।

ধারা ঃ-৭-৪ **দাতা সদস্য ঃ**

এসোসিয়েশন-এর উন্নয়ন ও কল্যান এর জন্য কার্যকরী পরিষদের অনুমোদন সাপেক্ষে ব্যক্তি/প্রতিষ্ঠানের কাছ থেকে অনুদান গ্রহন করা যাবে। কেহ এককালীন অনূন্য ৫০০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকা প্রদান করলে তাঁকে দাতা সদস্য হিসাবে গণ্য করা হবে। দাতা সদস্যদের ভোটাধিকার এবং নির্বাচনে অংশ গ্রহন করার ক্ষমতা থাকবে না।

ধারা ঃ- ৮ **সদস্যপদ সাময়িকভাবে স্থগিত বা বাতিল করণঃ-**

নিম্নলিখিত কারণে সদস্যদের সদস্যপদ স্থগিত বা বাতিল হতে পারে।

ধারা ঃ-৮-১ স্বেচ্ছায় সদস্য পদত্যাগ ঃ- স্বেচ্ছায় পদত্যাগ করতে ইচ্ছুক সদস্যকে লিখিতভাবে পদত্যাগপত্র সংগঠনের সভাপতি বরাবরে পেশ করতে হবে। কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদন হওয়ার পূর্ব পর্যন্ত উক্ত পদত্যাগপত্র প্রত্যাহার যোগ্য। এ বিষয়ে সভাপতির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

অনুমোদিত

নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

সাধারণ সম্পাদক
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

সভাপতি
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

ধারা ঃ-৮-২ কোন সাধারণ সদস্য তিন মাস ধারাবাহিকভাবে মাসিক সদস্য ফি/চাঁদা প্রদান না করলে বা পরিশোধে ব্যর্থ হলে। কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক সদস্যপদ বাতিল হয়ে যাবে।

ধারা ঃ-৮-৩ কোন সদস্যের মস্তিস্ক বিকৃত বা পাগল হলে।

ধারা ঃ-৮-৪ কোন সদস্য দেউলিয়া হলে।

ধারা ঃ-৮-৫ কোন সদস্য মৃত্যুবরণ করলে।

ধারা ঃ-৮-৬ কোন সদস্য পর পর তিন সভায় উপস্থিত না থাকলে।

ধারা ঃ-৮-৭ কোন সদস্য ব্যক্তিগত বা অন্য যে কোন কারণে আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তার নির্বাহী পরিষদের সিদ্ধান্তে তার সদস্যপদ বাতিল হতে পারে। তবে এক্ষেত্রে উক্ত সদস্য পরবর্তী নির্দোশ প্রমাণিত হলে কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক তাকে স্ব-সন্মানে তার সদস্যপদে পুনঃবহাল করা যাবে।

ধারা ঃ-৮-৮ কার্যনির্বাহী পরিষদ কর্তৃক গ্রহযোগ্য নয় এমন কোন বিষয়ে কোন সদস্য বা কতিপয় সদস্য সংগঠনের জন্য কোনভাবে ক্ষতিকর কার্মকান্ডে লিপ্ত হলে, রাষ্ট্র কিংবা সংস্থা বিরোধী কোন কাজে জড়িত বা লিপ্ত থাকলে। তার সদস্যপদ বাতিল করার এখতিয়ার কার্যনির্বাহী পরিষদের রয়েছে।

ধারা ঃ-৮-৯ দূর্নীতি প্রমাণিত হলে, কর্তব্যে অবহেলা বা সংগঠনের কোন লাভজনক কাজে অংশ গ্রহণ না করে বিঘ্ন সৃষ্টি করলে অথবা দায়িত্ব পালনে অস্বীকৃতি প্রদান করলে।

ধারা ঃ-৮-১০ রাষ্ট্র বিরোধী কোন কার্যকলাপে অংশ গ্রহন বা জড়িত থাকলে।

ধারা ঃ-৮-১১ সমাজ বিরোধী কোন কার্যকলাপে অংশ গ্রহন করলে।

ধারা ঃ-৮-১২ গঠনতন্ত্র পরিপন্থী কোন কার্যকলাপে লিপ্ত থাকলে।

ধারা ঃ-৮-১৩ সংগঠন থেকে বেতন, ভাতা, সম্মানী বা কোন প্রকার আর্থিক সুবিধা গ্রহন করলে।

ধারা ঃ- ৯ সদস্যপদ পুনঃ লাভের পদ্ধতিঃ

যে কারণে যে সদস্যের সদস্যপদ স্থগিত বা বাতিল করা হয়েছে, সে কারণ উল্লেখ পূর্বক ৬০ (ষাট) দিনের মধ্যে লিখিতভাবে কার্যনির্বাহী পরিষদের যে কোন একজন সদস্য/সদস্যার সুপারিশক্রমে ক্ষমা প্রার্থনা পূর্বক সভাপতির নিকট আবেদন করতে হবে। পরবর্তীতে উহা কার্যকরী পরিষদের ২/৩ (দুই-তৃতীয়াংশ) সদস্য অনুমোদন করলে, সমস্ত বকেয়া চাঁদা এবং পুনঃভর্তি ফি জমা দিয়ে নির্দিষ্ট ফরম পূরণ করার পর সদস্যদের সদস্য পদে পুনঃবহাল করা যাবে।

ধারা ঃ- ১০ সাংগঠনিক কাঠামোঃ

সংগঠনের ব্যবস্থাপনার জন্য সাংগঠনিক কাঠামো হবে তিনটি- যথাঃ (১) সাধারণ পরিষদ, (২) কার্যনির্বাহী পরিষদ এবং (৩) উপদেষ্টা পরিষদ।

ধারা ঃ-১০-১ সাধারণ পরিষদঃ

সংগঠনের সাধারণ সদস্য, প্রতিষ্ঠাতা সদস্য ও আজীবন সদস্যদের সমন্বয়ে এই পরিষদ গঠিত হবে। এই পরিষদের সদস্য সংখ্যার কোন উর্দ্ধসীমা থাকবে না।

ধারা ঃ-১০-২ কার্যনির্বাহী পরিষদঃ

সাধারণ সদস্য/সদস্যাদের প্রত্যক্ষ ও পরোক্ষ ভোটের মাধ্যমে অথবা দ্বি-বার্ষিক সাধারণ সভা/নির্বাচনী সভায় উপস্থিত সদস্যদের সর্ব-সম্মতিক্রমে ০২ (দুই) বছরের জন্য নিম্নোক্ত ১৩ (তের) সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী পরিষদ গঠন করা হবে। নির্বাচিত কার্যনির্বাহী পরিষদের মেয়াদ হবে নির্বাচনের তারিখ থেকে ০২ (দুই) বছর।

অনুমোদিত
২৬.০৩.২০১৭/১২
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

সাধারণ সম্পাদক
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

সভাপতি
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

ধারা ঃ-১০-৩ উপদেষ্টা পরিষদঃ

আলী আজম স্কুল এন্ড কলেজ এলামনাই এসোসিয়েশন এর ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি উপদেষ্টা পরিষদ থাকবে এবং এই উপদেষ্টা পরিষদ ০২ (দুই) বৎসর মেয়াদী হবে। ব্যবস্থাপনা কমিটির কোন সদস্য উপদেষ্টা পরিষদের সদস্য হতে পারবেন না। উপদেষ্টা পরিষদের কোন সদস্য ব্যবস্থাপনা কমিটির সদস্য নির্বাচিত হলে তাঁর পদের অবসান হবে এবং সাধারণ সভা'র মাধ্যমে উক্ত পদ পূরণ করা হবে। এই পরিষদের সদস্যগণ কার্যনির্বাহী পরিষদের উপদেষ্টা ও পরামর্শদাতা হিসাবে কাজ করবেন। উপদেষ্টা পরিষদ সদস্যদের কোন ভোটাধিকার থাকবে না। নির্বাহী পরিষদের ভোটাভোটিতে উপদেষ্টা পরিষদ গঠন করা হবে।

ধারা ঃ- ১১ সাধারণ পরিষদের ক্ষমতা ও দায়িত্বঃ

ধারা ঃ-১১ (ক) সংগঠনের সকল কার্যাবলী নিয়ন্ত্রন করবে।

ধারা ঃ-১১ (খ) সংগঠনের বার্ষিক বাজেট অনুমোদন করবে।

ধারা ঃ-১১ (গ) সংগঠনের নিরীক্ষিত হিসাব অনুমোদন করবে।

ধারা ঃ-১১ (ঘ) সংগঠনের গঠনতন্ত্রের রক্ষক হিসাবে কাজ করবে।

ধারা ঃ-১১ (ঙ) সংগঠনের গঠনতন্ত্রের কোন প্রকার সংশোধনের প্রয়োজন হলে ২/৩ (দুই-তৃতীয়াংশ) সদস্যের অনুমোদনক্রমে তা সংশোধন করবে।

ধারা ঃ-১১ (চ) সংগঠনের বিলোপ সাধনের প্রয়োজন দেখা দিলে ৩/৫ (তিন-পঞ্চমাংশ) সদস্যদের অনুমোদনক্রমে সিদ্ধান্ত গ্রহন করেব।

ধারা ঃ-১১ (ছ) সংগঠনের দূর্যোগ মুহূর্তে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহন করবে এবং তা চুড়ান্ত বলে বিবেচিত হবে।

ধারা ঃ-১১ (জ) তলবী সভা আহবানপূর্বক কার্যনির্বাহী পরিষদের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনতে পারবে।

ধারা ঃ-১১ (ঝ) সংগঠনের কার্যনির্বাহী পরিষদ গঠন ও অনুমোদন করবে।

ধারা ঃ-১২ কার্যনির্বাহী পরিষদঃ

ক্রমিক	পদবী		সংখ্যা
১.	সভাপতি	:	১ জন
২.	সহ-সভাপতি	:	১ জন
৩.	সাধারণ সম্পাদক	:	১ জন
৪.	সহ-সাধারণ সম্পাদক	:	১ জন
৫.	অর্থ সম্পাদক	:	১ জন
৬.	সাংগঠনিক সম্পাদক	:	১ জন
৭.	দপ্তর সম্পাদক	:	১ জন
৮.	শিক্ষা, সাহিত্য ও ক্রীড়া সম্পাদক	:	১ জন
৯.	প্রচার ও প্রকাশনা সম্পাদক	:	১ জন
১০.	স্বাস্থ্য ও সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক	:	১ জন
১১.	গবেষণা ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক	:	১ জন
১২.	তথ্যপ্রযুক্তি ও জনসংযোগ সম্পাদক	:	১ জন
১৩.	সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক	:	১ জন
			মোট ১৩ জন

অনুমোদিত

নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

সাধারণ সম্পাদক
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

সভাপতি
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

ধারা ঃ- ১৩ কার্যনির্বাহী পরিষদ এর ক্ষমতা ও দায়িত্বঃ

সংগঠনের গঠনতন্ত্র অনুযায়ী দৈনন্দিন কার্যাবলী পরিচালনা করা। সাধারণ পরিষদ কর্তৃক অনুমোদিত বাজেট অনুযায়ী আয়-ব্যয় ও দৈনন্দিন খরচ অনুমোদন করা। বাজেট প্রনয়ন এবং অনুমোদনের জন্য সাধারণ সভায় পেশ করা। অনুমোদিত হিসাব নিরীক্ষা ফার্ম/সংশ্লিষ্ট সমাজ সেবা কর্মকর্তা কর্তৃক বার্ষিক হিসাব নিরীক্ষা করা। সংগঠনের ব্যাংক একাউন্ট পরিচালনা করা। সকল কার্যক্রম লক্ষ্য উদ্দেশ্য অনুযায়ী পরিচালনা করা। সংগঠনের কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় জনবল নিয়োগ করা এবং নিয়োগকৃত কর্মকর্তা-কর্মচারীদের বেতন ও ভাতাদি নির্ধারণ করা। সংগঠনের নিয়োগকৃত কর্মকর্তা এবং কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য নির্ধারণ করা এবং তাদের নিয়ন্ত্রন করা। সংগঠনের জনবল নিয়োগের বিষয়ে চাকুরী বিধিমালা প্রণয়ন ও সাধারণ সভায় অনুমোদন গ্রহন করা। বিশেষ কোন কারণে কার্য সম্পাদনের জন্য উপ-কমিটি গঠন করা। সভার দিন, তারিখ, সময়, স্থান এবং এজেন্ডা নির্ধারণ করা। সংগঠনের সকল হিসাব নিকাশ, খরচের ভাউচার, ক্যাশ বইয়ের ব্যবস্থা করা। সংগঠনের সকল প্রশাসনিক, ব্যবস্থাপনা, প্রকল্প গ্রহন, বাস্তবায়ন ও মূল্যায়ন করা এবং ধারা-৮ অনুযায়ী কোন সদস্যের সদস্যপদ বাতিল এর ব্যবস্থা গ্রহন করা।

ধারা ঃ-১৪ প্রশাসনিক ব্যবস্থায় কার্যনির্বাহী পরিষদের দায়িত্ব ও কর্তব্য

ধারা ঃ-১৪-১ সভাপতি ঃ

ধারা ঃ-১৪-১ (ক) কার্যনির্বাহী পরিষদের প্রধান হবেন।

ধারা ঃ-১৪-১ (খ) তিনি সকল সভায় সভাপতিত্ব করবেন।

ধারা ঃ-১৪-১ (গ) তিনি সভা'র প্রস্তাবলী ও সিদ্ধান্ত অনুমাদন করবেন।

ধারা ঃ-১৪-১ (ঘ) প্রয়োজনীয় ক্ষেত্রে তিনি অত্র গঠনতন্ত্রের যে কোন ধারা বা উপ–ধারার ব্যাখ্যা করবেন।

ধারা ঃ-১৪-১ (ঙ) সমান সংখ্যক ভোটের ক্ষেত্রে কাস্টিং ভোট দিতে পারবেন।

ধারা ঃ-১৪-১ (চ) যে কোন জরুরী পরিস্থিতিতে তিনি নূন্যতম ২৪ (চব্বিশ) ঘন্টার বিজ্ঞপ্তিতে কার্যনির্বাহী পরিষদের সভা আহ্বান করতে পারবেন।

ধারা ঃ-১৪-১ (ছ) এলামনাই এর পক্ষে প্রয়োজনীয় যে কোন দলিল ও চুক্তিতে স্বাক্ষর করবেন।

ধারা ঃ-১৪-২ সহ-সভাপতি ঃ

ধারা ঃ-১৪-২ (ক) কার্যনির্বাহী পরিষদের সম্মানীত পদ হিসাবে দায়িত্ব পালন করবেন।

ধারা ঃ-১৪-২ (খ) সভাপতির অনুপস্থিতে সভার সভাপতিত্ব করবেন।

ধারা ঃ-১৪-২ (গ) সভাপতির প্রতিণিধি হিসেবে বিভিন্ন কর্মকান্ডে প্রতিনিধিত্ব করবেন।

ধারা ঃ-১৪-৩ সাধারণ সম্পাদকঃ

ধারা ঃ-১৪-৩ (ক) প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

ধারা ঃ-১৪-৩ (খ) সভাপতি এবং প্রধান উপদেষ্টার পরামর্শক্রমে তিনি যাবতীয় সভা আহ্বান করবেন।

ধারা ঃ-১৪-৩ (গ) সভার কার্যবিবরণী লিপিবদ্ধ ও তাতে স্বাক্ষর করবেন।

ধারা ঃ-১৪-৩ (ঘ) বার্ষিক কার্যবিবরণী প্রণয়ন করবেন এবং বার্ষিক আয়-ব্যয়ের হিসাব ও অডিট রিপোর্ট কার্যনির্বাঞ্চী কমিটিতে ও সাধারণ সভায় পেশ করবেন।

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

সাধারণ সম্পাদক
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

সভাপতি
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

ধারা ঃ-১৪-৩ (ঙ) সভাপতির পরামর্শক্রমে এলামনাই এর পক্ষে সরকারী, বেসরকারী ও বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষা করবেন।

ধারা ঃ-১৪-৩ (চ) সভাপতির পরামর্শক্রমে বিভাগীয় সচিব ও নির্বাহী সদস্যদের কার্যবালীর সমন্বয় করবেন।

ধারা ঃ-১৪-৩ (ছ) সচিববৃন্দকে তাদের নিজ নিজ দপ্তরের কার্যাবলী সম্পাদনের জন্য উপদেশ ও পরামর্শ দিতে পারবেন।

ধারা ঃ-১৪-৩ (জ) কার্য নির্বাহী কমিটির অনুমোদনক্রমে কর্মচারী নিয়োগ, বরখাস্ত, বেতন বৃদ্ধি (প্রয়োগিক ক্ষেত্রে), ছুটি মঞ্জুর (প্রয়োগিক ক্ষেত্রে), যৌক্তিক পর্যায়ে শাস্তির ব্যবস্থা করতে পারবেন।

ধারা ঃ-১৪-৩ (ঝ) নিবন্ধন কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক প্রতিবেদন/রিটার্ণ দাখিল করবেন।

ধারা ঃ-১৪-৩ (ঞ) কার্যনির্বাহী পরিষদের অনুমোদনক্রমে এলামনাই এর পক্ষে মামলা মোকদ্দমা দায়ের ও পরিচালনার দায়িত্ব পালন করবেন।

ধারা ঃ-১৪-৩ (ট) তার কাজের জন্য প্রয়োজনে কার্যনির্বাহী পরিষদের নিকট জবাবদিহি করবেন।

ধারা ঃ-১৪-৩ (ঠ) সভাপতির পরামর্শক্রমে মহাসচিব ০৭ (সাত) দিনের নোটিশে কার্যনির্বাহী পরিষদের সভা আহ্বান করবেন।

ধারা ঃ-১৪-৪ **যুগ্ম সাধারণ সম্পাদকঃ**

ধারা ঃ-১৪-৪ (ক) যুগ্ম-সাধারণ সম্পাদক কার্যে সাধারণ সম্পাদক কে সর্বোচ্চভাবে সহযোগিতা ও সহায়তা করবেন এবং প্রয়োজনে সাধারণ সম্পদাক কর্তৃক প্রদত্ত বিশেষ দায়িত্ব পালন করবেন।

ধারা ঃ-১৪-৪ (খ) সাধারণ সম্পাদক এর অনুপস্থিতিতে জ্যেষ্ঠ যুগ্ম-সাধারণ সম্পদক, সাধারণ সম্পাদক এর দায়িত্ব পালন করবেন।

ধারা ঃ-১৪-৫ **অর্থ সম্পাদকঃ**

ধারা ঃ-১৪-৫ (ক) যাবতীয় আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ করবেন এবং কার্যনির্বাহী পরিষদের অনুমোদনের জন্য তা পেশ করবেন।

ধারা ঃ-১৪-৫ (খ) নির্ধারিত ব্যাংকে এলামনাই এর টাকা জমা রাখার বিধিমত ব্যবস্থা গ্রহণ করবেন।

ধারা ঃ-১৪-৫ (গ) যাবতীয় আয় ও ব্যয়ের হিসাব-নিকাশ বার্ষিক আকারে সাধারণ সভায় পেশের জন্য সময়মত তৈরী করে দিবেন এবং বার্ষিক নিরীক্ষা করাবেন।

ধারা ঃ-১৪-৫ (ঘ) তহবিল বৃদ্ধির জন্য বিভিন্ন পরিকল্পনা প্রণয়ন করবেন এবং তা কার্যনির্বাহী কমিটির অনুমোদনক্রমে বাস্তবায়ন করবেন।

ধারা ঃ-১৪-৫ (ঙ) সদস্যদের বাৎসরিক চাঁদা ও অন্যান্য অনুদান আদায়ের ব্যাপারে তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ধারা ঃ-১৪-৫ (চ) চাঁদা আদায়ের রশিদ বই, আদায়কৃত অর্থ ব্যাংকে জমা দেয়ার বই, চেক বই, এসোসিয়েশনের সকল হিসাবপত্র তাঁর তত্ত্বাবধানে সংরক্ষণ করবেন।

ধারা ঃ-১৪-৫ (ছ) তিনি যাবতীয় ব্যয় যথাসম্ভব চেকের মধ্যেমে সম্পাদন করবেন।

ধারা ঃ-১৪-৫ (জ) জরুরী ব্যয় নির্বাহের জন্য সভাপতি/সাধারণ সম্পাদক এর জ্ঞাতসারে তিনি সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা নিজের কাছে নগদ রাখতে পারবেন।

ধারা ঃ-১৪-৫ (ঝ) প্রচলিত হিসাব বিজ্ঞানের সকল আধুনিক হিসাব রক্ষণ নীতি হিসাব রক্ষণের ক্ষেত্রে প্রযোজ্য হবে বা অর্থ সম্পাদক এর তদারকিতে পরিচালিত হবে।

অনুমোদিত

নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

সাধারণ সম্পাদক
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

সভাপতি
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

ধারা ঃ-১৪-৬ **সাংগঠনিক সম্পাদকঃ**

ধারা ঃ-১৪-৬ (ক) সাংগঠনিক কার্যকলাপ পরিচালনা করবেন।

ধারা ঃ-১৪-৬ (খ) সভাপতি ও সাধারণ সম্পাদক এর সাথে তিনি সার্বক্ষণিক যোগাযোগ রাখবেন এবং কর্মকান্ড সম্প্রসারণ করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহন করবেন।

ধারা ঃ-১৪-৬ (গ) এসোসিয়েশনকে শক্তিশালী করার জন্য **আলী আজম স্কুল এন্ড কলেজ এলামনাই এসোসিয়েশন**-এর সাথে যোগাযোগ স্থাপন করবেন এবং সদস্য সংখ্যা বাড়ানোর প্রচেষ্টা চালাবেন।

ধারা ঃ-১৪-৬ (ঘ) শাখা গঠনের বিষয়ে তিনি মতামত দিবেন ও কার্যনির্বাহী কমিটিতে অনুমোদনের জন্য পেশ করবেন।

ধারা ঃ-১৪-৭ **দপ্তর সম্পাদকঃ**

ধারা ঃ-১৪-৭ (ক) সাধারণ সম্পাদক এর সাথে পরামর্শক্রমে দপ্তর সম্পাদক সকল দাপ্তরিক কাজ সম্পন্ন করবেন এবং এসোসিয়েশন-এর সকল রেকর্ডপত্র রক্ষণাবেক্ষণ করবেন।

ধারা ঃ-১৪-৭ (খ) তিনি এসোসিয়েশন-এর কার্যক্রম পরিসংখ্যান ও রিপোর্ট তৈরি করবেন এবং তাহা সংরক্ষণ করবেন।

ধারা ঃ-১৪-৮ **শিক্ষা, সাহিত্য ও ক্রীড়া সম্পাদক ঃ**

ধারা ঃ-১৪-৮ (ক) যেহেতু অত্র **আলী আজম স্কুল এন্ড কলেজ এলামনাই এসোসিয়েশন** বিষয়ক শিক্ষার্থীদের একটি সংগঠন তাই এর শিক্ষা, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক, সভাপতি এবং সাধারণ সম্পাদক এর সাথে আলোচনাক্রমে সময়ে সময়ে খেলাধুলা, কবিতা আবৃত্তি ও সাহিত্য প্রতিযোগীতার আয়োজন করবেন

ধারা ঃ-১৪-৮ (খ) বাংলা সাহিত্যের যে কোন বিষয়ের উপর গবেষণা তথা জাতীয় শিক্ষা উন্নয়নে তথা আইটি যথাযথ প্রয়োগ এবং ইতিমধ্যে সনদপ্রাপ্ত অ্যালামনাইদের দক্ষতা বৃদ্ধিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

ধারা ঃ-১৪-৮ (গ) **আলী আজম স্কুল এন্ড কলেজ এলামনাই এসোসিয়েশন** এর সদস্যদের মধ্যে সময়ে সময়ে

অথবা বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতার আয়োজন করবেন।

ধারা ঃ-১৪-৮ (ঘ) সভাপতি ও সাধারণ সম্পাদক এর সাথে আলোচনার মাধ্যমে সংগীত, নাটক, নৃত্যানুষ্ঠানের আয়োজন করবেন।

ধারা ঃ-১৪-৮ (ঙ) শিক্ষা বিষয়ক যাবতীয় কার্যক্রম পরিচালনার পাশাপাশি পাঠাগার সংরক্ষণ ও পরিচালনায় যথাযথ ভূমিকা পালন করবেন।

ধারা ঃ-১৪-৮ (চ) বাংলা সাহিত্যের যে কোন বিষয়ের উপর গবেষণা তথা জাতীয় শিক্ষা উন্নয়নে তথা আইটি যথাযথ প্রয়োগ এবং ইতিমধ্যে সনদপ্রাপ্ত এলামনাইদের দক্ষতা বৃদ্ধিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

ধারা ঃ-১৪-৯ **প্রচার ও প্রকাশনা সম্পাদকঃ**

এসোসিয়েশন-এর পক্ষে সাময়িকী/মুখপত্র ইত্যাদি প্রকাশনার দায়িত্ব পালন করবেন এবং প্রয়োজনে সাংস্কৃতিক সম্পাদকের সাথে সমন্বিতভাবে সাহিত্য বিষয়ক অনুষ্ঠান বা কার্যাবলী পরিচালনা করবেন।

ধারা ঃ-১৪-১০ **স্বাস্থ্য ও সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদকঃ**

এসোসিয়েশন-এর সদস্যদের স্বাস্থ্য সচেতনতামূলক বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন এবং সমাজ কল্যাণমূলক যাবতীয় দায়িত্ব পালন করবেন।

অনুমোদিত

নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

সাধারণ সম্পাদক
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

সভাপতি
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

ধারা ঃ-১৪-১১ **গবেষণা ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদকঃ**

এসোসিয়েশন-এর উদ্যোগে আয়োজিত বিভিন্ন গবেষণামুলক কর্মকান্ডের সার্বিক তত্ত্বাবধান করবেন এবং বিদেশের সাথে যোগাযোগের মাধ্যমে এসোসিয়েশন-এর ভাবমুর্তি তুলে ধরবেন। বিদেশে অবস্থানর এলামনাইদের সাথে যোগাযোগের মাধ্যমে এসোসিয়েশন এর উন্নয়নের জন্য অর্থ সংগ্রহ করবেন।

ধারা ঃ-১৪-১২ **তথ্যপ্রযুক্তি ও জনসংযোগ সম্পাদকঃ**

আলী আজম স্কুল এন্ড কলেজ এলামনাইদের মধ্যে অত্র এসোসিয়েশন-এর আদর্শ, উদ্দেশ্য ও চলতি কর্মসূচীসমূহ প্রচার ও জনপ্রিয় করার জন্য বিভিন্ন অনুষ্ঠান/কর্মসূচীর আয়োজন করবেন এবং এই উদ্দেশ্যে আধুনিক তথ্য প্রযুক্তির সহায়তায় প্রচারপত্র, পোস্টার, লিফলেট ও পুস্তিকা ইত্যাদি প্রকাশের ব্যবস্থা করবেন। তিনি এসোসিয়েশন-এর অনুকুলে সকল কার্যক্রম বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রচারের সকল ব্যবস্থাদি গ্রহণ করবেন।

ধারা ঃ-১৪-১৩ **সাংস্কৃতিক বিষয়ক সম্পাদকঃ**

ধারা ঃ-১৪-১৩ (ক) এসোসিয়েশন-এর লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ সাংস্কৃতিক, মহিলা ও শিশু বিষয়ক নানা কর্মসূচি প্রনয়ন ও বাস্তবায়ন করবেন।

ধারা ঃ-১৪-১৩ (খ) এলামনাই ছাত্রীদের কল্যাণমূলক যাবতীয় দায়িত্ব পালন করবেন।

ধারা ঃ-১৫ **সংগঠনের শাখাঃ**

নিবন্ধীকরণ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ঢাকা জেলার বাহিরে সংগঠনের শাখা অফিস খোলা যাবে।

ধারা ঃ-১৫ (ক) **শাখা পরিষদ গঠন ও কাঠামোঃ**

বিভিন্ন জেলা, উপজেলা, থানা, ওয়ার্ড, ইউনিয়ন, মহল্লায় সংগঠনের শাখা অফিস খুলতে পারবে। প্রতিটি জেলায় ০৫ সদস্য বিশিষ্ট একটি জেলা শাখা পরিষদ থাকবে। জেলা শাখা পরিষদ এর সদস্যরা হবেন সভাপতি-১জন, সহ-সভাপতি-১জন, সাধারণ সম্পাদক-১জন, কোষাধ্যক্ষ-১জন এবং সদস্য-১জন মোট-০৫ (পাঁচ) জন।

ধারা ঃ-১৫ (খ) **শাখা পরিষদ সমূহের দায়িত্ব, কর্তব্য ও সুবিধাঃ** শাখা পরিষদ সংগঠনের কার্যনির্বাহী পরিষদ কর্তৃক গৃহীত কার্যাদি বাস্তবায়ন করবে। শাখা পরিষদ তাদের সকল কাজের জন্য কার্যনির্বাহী পরিষদের নিকট জবাবদিহি করতে হবে। কেন্দ্রীয় পরিষদ কর্তৃক অনুমোদন ছাড়া শাখা **পরিষদ অতিরিক্ত কোন কার্যাদি সম্পন্ন করতে পারবে না। কেন্দ্রীয় পরিষদ কর্তৃক প্রদত্ত সুযোগ শাখা পরিষদ ভোগ করবে।**

ধারা ঃ-১৫ (গ) **শাখা পরিষদ সমূহের কার্যক্রম স্থগিতঃ** কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী যে কোন সময় যে কোন শাখা পরিষদের কার্যক্রম স্থগিত করা যাবে। এ ব্যাপারে শাখা পরিষদের কোন প্রকার দায়-দায়িত্ব থাকবে না। কার্যনির্বাহী পরিষদ কোন শাখার কার্যক্রম স্থগিত করলে উক্ত শাখা স্থগিতের কারণ উল্লেখ করে ৩০ দিনের মধ্যে নিবন্ধীকরন কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করতে হবে।

ধারা ঃ-১৬ **নির্বাচন পদ্ধতি ঃ**

ধারা ঃ-১৬-১ প্রতি দুই বৎসর অন্তর অন্তর সংস্থার কার্যনির্বাহী পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে। কার্যনির্বাহী কমিটি নির্বাচনের পূর্বে ছবিযুক্ত হালনাগাদ সদস্য তালিকা প্রনয়ন করতে হবে।

অনুমোদিত

নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

সাধারণ সম্পাদক
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

সভাপতি
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

ধারা ঃ-১৬-২ উক্ত নির্বাচন নাধারণ সভা/সরাসরি হাত উত্তোলন বা গোপন ব্যালটের মাধ্যমে অথবা প্যানেলের মাধ্যমে অথবা সমর্থনের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

ধারা ঃ-১৬-৩ যদি গোপন ব্যালট পেপারের মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হয় তবে সংস্থার সাথে জড়িত নয় এমন নিরপেক্ষ ব্যক্তিকে প্রধান নির্বাচন কমিশনার নিয়োগ করে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি নির্বাচন কমিশন গঠন করতে হবে।

ধারা ঃ-১৬-৪ নির্বাহী পরিষদের তিন ভাগের দুই ভাগ সদস্যদের অনুমোদন ক্রমে নির্বাচন কমিশন গঠন করা হবে।

ধারা ঃ-১৬-৫ কার্যকরি পরিষদের মেয়াদ উত্তির্ন হওয়ার কমপক্ষে ৪৫ দিন পূর্বে নির্বাচন কমিশন গঠন করতে হবে।

ধারা ঃ-১৬-৬ বিশিষ্ট ব্যক্তিকে নির্বাচন কমিশনার করে নির্বাচন অনুষ্ঠান সম্পাদন করা যাবে।

ধারা ঃ-১৬-৭ উক্ত নির্বাচন কমিশনের কোন সদস্য ভোট দিতে পরবেন না এবং নির্বাচনে অংশ গ্রহণ করতে পারবেন না।

ধারা ঃ-১৬-৮ নির্বাচনের পনের দিন আগে ভোটার তালিকা প্রধান কার্যালয়ের ফটকে টাঙ্গিয়ে দিতে হবে। নির্বাচন কমিশনারকে পূর্ববর্তী কার্যনির্বাহী পরিষদ সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

ধারা ঃ-১৬-৯ নির্বাচনের ব্যাপারে নির্বাচন কমিশনারের রায়-ই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ধারা ঃ-১৬-১০ কোন পদে প্রার্থীদের সমান সংখ্যক ভোট পড়লে নির্বাচন কমিশনার লটারির মাধ্যমে সিদ্ধান্ত প্রদান করতে পারবেন।

ধারা ঃ-১৬-১১ নব-গঠিত কার্যনির্বাহী পরিষদকে ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে নিবন্ধীকরণ কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে এবং নিবন্ধীকরণ কর্তৃপক্ষের নিকট থেকে অনুমোদন পাওয়ার পর উক্ত কমিটি কার্যকরী হিসেবে বিবেচিত হবে।

ধারা ঃ-১৬-১২ নির্বাচন কমিশন নির্বাচনের ৩০ (ত্রিশ) দিন পূর্বে তফসিল ঘোষণা করবেন এবং নির্বাচনের ব্যবস্থা নিবেন। নির্বাচনে তফসিল সংক্রান্ত যে কোন বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চুড়ান্ত হবে।

ধারা ঃ-১৬-১৩ কোন কারণে নির্বাচন অনুষ্ঠান বা নতুন পরিচালনা পরিষদ গঠন করা সম্ভব না হলে কিংবা বিলম্বিত হলে পূর্বের কার্যকরি পরিষদ সর্বোচ্চ ৯০ (নব্বই) দিনের জন্য দায়িত্ব পালন করতে পারবেন। তবে ৯০ (নব্বই) দিনের মধ্যে অবশ্যই নির্বাচন দিয়ে নতুন কার্যকরি পরিষদ গঠন করতে হবে। কোন কারনে ব্যার্থ হলে পুর্বের কমিটির সমন্বয়ে একটি এডহক কমিটি গঠন করে নির্বাচ সম্পন্ন করতে হবে তবে তা নিবন্ধন কর্তৃপক্ষের অনুমতি ক্রমে।

ধারা ঃ-১৬-১৪ কার্যকরি পরিষদের একজন সদস্য মেয়াদ শেষে পুনরায় নির্বাচন করার যোগ্যতা রাখেন এবং একজন সদস্য শুধুমাত্র একটি পদের জন্য প্রার্থী হতে পারবেন। একই সদস্য একই পদে একাধিকবার নির্বাচনে অংশ গ্রহন করতে পারবেন।

ধারা ঃ-১৬-১৫ একজন ব্যক্তি কেবল মাত্র একটিই ভোট বা সমর্থন দিতে সুযোগ পাবেন। এক্ষেত্রে যদি সমান সংখ্যক ভোট পড়ে তবে লটারীর মাধ্যমে অথবা নির্বাচন কমিশনারের ব্যালেন্স ভোটাধিকার বলে ফলাফল চুড়ান্ত করা হবে।

ধারা ঃ-১৬-১৬ কোন সদস্যের কাছে যদি সংস্থার কোনরূপ পাওনা থেকে থাকে তবে তিনি নির্বাচনে অংশগ্রহন বা ভোট দিতে পারবেন না।

ধারা ঃ-১৭ **সংগঠনের সভাসমূহঃ** এই সংস্থার পাঁচ প্রকার সভা অনুষ্ঠিত হবে, যথাঃ-

ধারা ঃ-১৭-১ **সাধারণ পরিষদের সভা ঃ**

কমপক্ষে পনর দিনের নোটিশের মাধ্যমে সভার স্থান, সময় এবং আলোচ্য বিষয় উল্লেখ পূর্বক এই সভা আহ্বান করা হবে। কার্যকরী পরিষদের সাথে পরামর্শক্রমে চেয়ারম্যানের

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

সাধারণ সম্পাদক
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

সভাপতি
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

অনুমতি ক্রমে কমপক্ষে এক বৎসরে একবার এই সভা অনুষ্ঠিত হবে। প্রত্যেক সদস্যদের নিকট লোক মারফৎ বা ডাকযোগে বা সংবাদ পত্রের মাধ্যমে নোটিশ দেওয়া হবে। মোট সাধারণ সদস্যের তিন ভাগের দুই ভাগ সদস্যদের উপস্থিতিতে সভা/সভার কোরাম ধরা হবে।

ধারা ঃ-১৭-২ **কার্যনির্বাহী পরিষদের সভাঃ**

কমপক্ষে সাত দিনের নোটিশের মাধ্যমে এই সভা অনুষ্ঠিত হবে। প্রতি ৩ (তিন) মাসে সাধারণত একবার করে বৎসরে ৪ বার এই সভা অনুষ্ঠিত হবে। কার্যনির্বাহী সদস্যের তিন ভাগের দুই ভাগ সদস্যদের উপস্থিতিতে সভার কোরাম ধরা হবে।

ধারা ঃ-১৭-৩ **জরুরী সভাঃ**

এই সভা কমপক্ষে ২৪ ঘন্টার নোটিশে কার্যনির্বাহী পরিষদের সভা এবং তিন দিনের নোটিশের মাধ্যমে সাধারণ পরিষদের সভা আহ্বান করা হবে। উভয় প্রকার সভার জন্য মোট সদস্যের তিন ভাগের দুই ভাগ সদস্যদের উপস্থিতিতে সভার কোরাম ধরা হবে।

ধারা ঃ-১৭-৪ **মূলতবী সভাঃ**

যদি কোন আকস্মিক কারণে বা সময়ের অভাবে বা কোরামের অভাবে সভা মূলতবী হয়ে যায়, তবে পরবর্তীতে একই স্থানে নির্ধারিত সময়ে উক্ত সভা অনুষ্ঠিত হবে। এই সভার জন্য কোন নোটিশ এর প্রয়োজন হবে না। এবং কোন কোরামের প্রয়োজন নেই।

ধারা ঃ-১৭-৫ **তলবী সভাঃ**

যদি কোন কারণে সাধারণ সদস্যদের তিন ভাগের দুই ভাগ সদস্যের যুক্ত স্বাক্ষরে সভাপতি/সাধারণ সম্পাদক এর নিকট সভা আহ্বান করার জন্য আবেদন করেন তাহা হলে সভাপতি ও সাধারণ সম্পাদক নিদিষ্ট সময়ের পূর্বে সভা আহ্বান করতে ব্যর্থ হয় তবে সাধারণ সদস্যদের মধ্য হতে একজনকে আহ্বায়ক করে উক্ত সভা আহ্বান করতে পারবেন। কিন্তু সভার কোরাম তিন ভাগের দুই ভাগ সদস্যদের উপস্থিতিতে ধরা হবে।

ধারা ঃ-১৮ **শুন্য পদ পূরনঃ**

সাধারণ পরিষদের ২/৩ (দুই-তৃতীয়াংশ) সদস্যের সিদ্ধান্তক্রমে কার্যনির্বাহী পরিষদের শুণ্য পদ অবশ্যই পূরণ করা যাবে এবং নিবন্ধীকরন কর্তৃপক্ষের অনুমোদন গ্রহনের পর তা কার্যকরী হবে।

ধারা ঃ-১৯ **আর্থিক ব্যবস্থাপনাঃ**

ধারা ঃ-১৯-১ **অর্থ বছর ঃ** সংস্থার অর্থ বছর (বার্ষিক) ১লা জুলাই থেকে ৩০ শে জুন পর্যন্ত।

ধারা ঃ-১৯-২ **তহবিল ঃ** সদস্যদের মাসিক চাঁদা, দান অনুদান, সরকারি ও বেসরকারি অনুদান ও ঋণ, দেশী-বিদেশী সংস্থার সাহায্য হতে প্রাপ্ত অর্থ দিয়ে সংস্থার তহবিল গঠিত হবে এবং সংস্থার প্রয়োজনে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে চলমান প্রকল্প সমূহ চালিয়ে নিতে আয় বৃদ্ধিমূলক প্রকল্প, সংস্থার নামে বাণিজ্যিক ও অঙ্গ প্রতিষ্ঠান গঠন করা যাবে। সকল বাণিজ্যিক ও অঙ্গ প্রতিষ্ঠান **আলী আজম স্কুল এন্ড কলেজ এলামনাই এসোসিয়েশন** এর পূর্ণ নিয়ন্ত্রণে থাকবে। তবে বাণিজ্যিক ও অঙ্গ প্রতিষ্ঠানের উন্নতি কল্পে **আলী আজম স্কুল এন্ড কলেজ এলামনাই এসোসিয়েশন** এর কার্যনির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে আলাদা সাব-কমিটি গঠন করা যেতে পারে।

ধারা ঃ-১৯-৩ **আর্থিক লেনদেন ঃ** সংস্থার তহবিল রক্ষার জন্য এলাকাস্থ বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংকে সংস্থার নিজ নামে একাউন্ট খোলা হবে। তবে সংস্থার অনুকূলে প্রাপ্ত সকল বৈদেশিক অনুদান বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংকের একটি মাত্র মাদার একাউন্টের

অনুমোদিত

নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

সাধারণ সম্পাদক
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

সভাপতি
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

মাধ্যমে গ্রহণ ও উত্তোলন করা হবে। তবে প্রকল্পের দ্রুত লেনদেন, আর্থিক স্বচ্ছতা ও প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে এবং দাতা সংস্থার চাহিদা মোতাবেক প্রকল্পের নামে আলাদা ব্যাংক হিসাব খোলা যাবে এবং সে অনুযায়ী প্রকল্পের হিসাব পরিচালনা করা যেতে পারে। সংস্থার নামে সংগৃহিত অর্থ ৪৮ ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে জমা দিতে হবে। ব্যাংক একাউন্ট সংস্থার সভাপতি, সাধারণ সম্পাদক ও অর্থ-সম্পাদক এর যৌথ স্বাক্ষরে খোলা হবে। সভাপতি, সাধারণ সম্পাদক ও অর্থ- সম্পাদক যে কোন দুই জনের যৌথ স্বাক্ষরে অর্থ উত্তোলন করা যাবে।

ধারা ঃ-২০ অডিট পদ্ধতিঃ

বৎসরে এক বার সংস্থার যাবতীয় হিসাব-নিকাশ, অর্থ ও সকল প্রকার অডিট সংক্রান্ত কাগজপত্র স্থানীয় সমাজ সেবা কর্মকর্তা দ্বারা/ অডিট ফার্ম কর্তৃক নিরীক্ষা করা হবে।

ধারা ঃ-২১ বৈদেশিক সাহায্য/অনুদান বিষয়কঃ

সংগঠন বৈদেশিক সাহায্য/অনুদান গ্রহনের ক্ষেত্রে ১৯৭৮ সালের ফরেন ডোনেশন অধ্যাদেশের বিধি বিধান অনুসরণ করবে। বৈদেশিক সাহায্য/অনুদান গ্রহণের ক্ষেত্রে সংগঠনটি সরকারের যে কোন একটি সিডিউল ব্যাংকে হিসাব পরিচালনা করবে।

ধারা ঃ-২২ তহবিল বৃদ্ধিকরণঃ

এই প্রতিষ্ঠানের তহবিল বৃদ্ধি কল্পে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে যে কোন বাণিজ্যিক প্রতিষ্ঠান, অঙ্গ প্রতিষ্ঠান, প্রশিক্ষণ ইনষ্ট্রিটিউট প্রতিষ্ঠা এবং বিভিন্ন প্রকল্প/কর্মসূচী পরিচালনা ও বাস্তবায়ন করা হবে। গৃহিত প্রকল্প/কর্মসূচী বাস্তবায়নকালীন এবং বাস্তবায়ন শেষে আয়-ব্যয়ের পূর্ণ হিসাব সংরক্ষণ করতে হবে।

ধারা ঃ-২৩ সংগঠনের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ বিধিঃ

সংস্থার প্রশাসনিক কর্মকান্ড পরিচালনার পরিপ্রেক্ষিতে দেশের বিধিমতে প্রয়োজনবোধে কর্মকর্তা/কর্মচারী নিয়োগের প্রয়োজনীয়তা দেখা দিতে পারে। এ ক্ষেত্রে রাষ্ট্রীয় প্রশাসনিক আইনের ভিত্তিতে যে কোন কর্মকর্তা/কর্মচারী নিয়োগ/বহিস্কার এর ক্ষমতা কার্যনির্বাহী পরিষদের থাকবে। তবে সংস্থার স্বার্থে নিয়োগকৃত ব্যক্তির ব্যাপারে কার্যনির্বাহী পরিষদের দেশের প্রশাসনিক আইন শৃংখলার পরিপন্থী নয় এমন যে কোন পদ্ধতি ও সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে। কর্মকর্তা/কর্মচারী নিয়োগ কল্পে সংবাদ পত্রের মাধ্যমে প্রতিটি পদের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে পারবে অথবা স্থানীয়ভাবে নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে অথবা সরাসরি নিয়োগ দিতে পারবেন। কার্যনির্বাহী পরিষদের মনোনীত তিন সদস্য বিশিষ্ট নির্বাচন বোর্ড কর্তৃক সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে তাঁদের নিয়োগ করা হবে। নিয়োগের ক্ষেত্রে নির্বাচন বোর্ড এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ধারা ঃ-২৪ গঠনতন্ত্র সংশোধন পদ্ধতিঃ

সংগঠনের সংবিধানের যে কোন ধারা-উপধারা সংশোধন, পরিবর্তন সংযোজন ,রহিত বা প্রতিস্থাপনে সাধারণ সভায় মোট সাধারণ সদস্যদের তিন ভাগের দুই ভাগ সদস্যদের অনুমোদন ক্রমে নিবন্ধীকরণ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। নিবন্ধীকরণ কর্তৃপক্ষের চূড়ান্ত অনুমোদনের পর এই সংশোধনী কার্যকরী বলে বিবেচিত হবে।

ধারা ঃ-২৫ গঠনতন্ত্র রেজিষ্ট্রেশন ও নিয়ন্ত্রনঃ

অত্র গঠনতন্ত্রে যা কিছু উল্লেখ থাকুক না কেন? উক্ত সংগঠনটি স্বেচ্ছা সেবী সমাজ কল্যাণ সংস্থা সমূহ (রেজিষ্ট্রেশন ও নিয়ন্ত্রন) অধ্যাদেশ ১৯৬১ অনুযায়ী ও দেশের প্রচলিত আইন অনুযায়ী সকল কার্যক্রম পরিচালিত হবে।

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
সমাজসেবা

সাধারণ সম্পাদক
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

সভাপতি
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

ধারা ঃ-২৬ **আইন ও বিধির প্রাধান্যঃ**

অত্র গঠনতন্ত্রে যা কিছু উল্লেখ থাকুক না কেন ? উক্ত সংগঠনটি ১৯৬১ সনের স্বেচ্ছাসেবী সমাজ কল্যাণ সংস্থাসমূহ (রেজিষ্ট্রেশন ও নিয়ন্ত্রন) অধ্যাদেশ ও বিধি ১৯৬১ এর আওতায় প্রচলিত আইন অনুযায়ী সকল কার্যক্রম পরিচালিত হবে। অন্যান্য কার্যক্রম সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কার্যকরী হবে।

ধারা ঃ-২৭ **সংগঠনের বিলুপ্তিকরণ ঃ**

যদি কোন সু-নিদিষ্ট কারণে সংস্থার বিলুপ্তির প্রশ্ন উঠে, তবে, সাধারণ সভায় ৫ ভাগের তিন ভাগ সদস্যদের অনুমোদন ক্রমে নিবন্ধীকরণ কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে। এ ব্যাপারে নিবন্ধীকরণ কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত নিবেন ও সংগঠনের অস্থাবর সম্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। তবে বিলুপ্তিকালে সংগঠনের কোন দায়-দেনা থাকলে কার্যনির্বাহী পরিষদের সদস্যগন দায়ী থাকবেন।

-ঃ সমাপ্ত ঃ-

অনুমোদিত
২৯/১২/১৮
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

সাধারণ সম্পাদক
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন

সভাপতি
আলী আজম স্কুল এন্ড কলেজ
এলামনাই এসোসিয়েশন